



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-০৮

তারিখ : ১০/০১/২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : দেশের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত এবং রাজস্ব খাতভুক্ত বিভিন্ন ক্যাটাগরিতে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্যে ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বরসহ ব্যাংক সংক্রান্ত তথ্য যথাযথ না থাকায় EFT Bounced Back হয়েছে। ফলশ্রুতিতে, বর্ণিত শিক্ষার্থীদের বৃত্তির টাকা তাদের ব্যাংক হিসাবে জমা হয়নি। ইতোপূর্বে একাধিকবার বিজ্ঞপ্তি দেয়া সত্ত্বেও Bounced Back হওয়া এ সকল শিক্ষার্থীর তথ্য প্রতিষ্ঠান হতে সংশোধন করা হয়নি।

এমতাবস্থায়, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) উল্লিখিত শিক্ষার্থীদের বর্ণিত তথ্যসমূহ আগামী ২০/০১/২০২২ খ্রি. তারিখের মধ্যে MIS অনলাইন সফটওয়্যার লিংকে প্রবেশ করে Bounced Back হওয়া শিক্ষার্থীদের ভুল তথ্য সংশোধনের জন্য অনুরোধ করা হলো।

প্রতিষ্ঠান প্রধানের জ্ঞাতার্থে Bounced Back হওয়া শিক্ষার্থীদের একটি তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

MIS সফটওয়্যারে তথ্যের ভুল সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় :

- ০১। শৌখ নামে ব্যাংক হিসাব/কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্যাদি সংশোধনের ক্ষেত্রে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;
- ০২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ০৩। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৪। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৫। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে;

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :

DSHE Scholarship MIS এর URL (লিংক) : hspbd.com/HSP-MIS/login

স্বাক্ষরিত/-
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন : ৯৫৫৩৫৪২

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-০৮/২০

তারিখ : ১০/০১/২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 ০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 ০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
 ০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
 ০৫. জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা
 ০৬. প্রোগ্রাম এন্ট্রিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
 ০৭. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
 ০৮. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
 ০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
 ১০. রেজিষ্টার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি, ...সকল)
 ১১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
 ১২. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারিসকল)
 ১৩. অধ্যক্ষ, সরকারি /বেসরকারি কলেজ (সকল)
 ১৪. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
 ১৫. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
 ১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- "দেশের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত এবং রাজস্ব খাতভুক্ত বিভিন্ন ক্যাটাগরিতে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন" -শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্কফে প্রকাশের অনুরোধসহ]
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
 ১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
 ১৯. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
 ২০. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

১০/০১/২০২২
(মো: নূরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং